

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-১ শাখা  
www.emrd.gov.bd

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির মার্চ, ২০২২ মাসের প্রতিবেদন।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC) কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে ৪০.০০ লক্ষ মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তদনুযায়ী মার্চ, ২০২২ মাসের লক্ষ্যমাত্রা পূরণের জন্য ন্যূনতম গড়ে প্রতিমাসে ৩.৩৩ লক্ষ মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করার প্রয়োজন ছিল। জ্বালানি তেলের চাহিদা স্বাভাবিকের তুলনায় বৃদ্ধি পাওয়ায় BPC কর্তৃক মার্চ, ২০২২ মাসে প্রায় ৬.৬৭ লক্ষ মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়।

২। কোভিড-১৯ বৈশ্বিক মহামারি পরিস্থিতি নিম্নমুখী থাকায় দাপ্তরিক কার্যক্রম শুরুর পাশাপাশি যানবাহন চলাচলসহ দেশের শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম বর্তমানে স্বাভাবিক রয়েছে। সে প্রেক্ষিতে যাতায়াত, বিদ্যুৎ উৎপাদন, শিল্প ও বাণিজ্যিক খাতে জ্বালানি তেলের চাহিদা স্বাভাবিক থাকায় ইতোমধ্যে জ্বালানি তেলের চাহিদা বৃদ্ধি পেতে শুরু করেছে।

৩। BPC হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী দেশের জ্বালানি তেলের চাহিদা পূরণের লক্ষ্যে মার্চ, ২০২২ মাসে ১৭টি পার্সেলের মাধ্যমে জ্বালানি তেল আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার প্রেক্ষিতে আমদানিকৃত জ্বালানি তেলের সারসংক্ষেপ নিম্নরূপ:

পরিমাণ: মে. টন

পণ্য	আমদানি পরিকল্পনা (+/-১০%)	আমদানিকৃত পরিমাণ	মন্তব্য
ডিজেল	৫,৩১,৬০০	৫,২৭,৬৮৬	১। প্রস্তাবিত আমদানিসূচি হতে ১টি ডিজেল পার্সেল (৩০,০০০ মেট্রিক টন) সরবরাহকারী কর্তৃক এপ্রিল, ২২ মাসে ডেফার করা হয়েছে। অন্যদিকে ফেব্রুয়ারি ২০২২ মাসের ৩টি ডিজেল পার্সেল মার্চ ২০২২ মাসে সরবরাহ করা হয়। ২। NRL এর নিকট মার্চ ২০২২ মাসের জন্য ৩টি পার্সেলে ৬,৬০০ মেট্রিক টন ডিজেল আমদানির পরিকল্পনা করা হয়। ফেব্রুয়ারি ২০২২ মাসের ডেফারকৃত পার্সেলসহ মার্চ ২০২২ মাসে NRL হতে ৩টি পার্সেলে প্রায় ৬,৬০০ মেট্রিক টন ডিজেল পাওয়া গিয়েছে।
জেটএ-১	৪০,০০০	৩৯,০১৬	
ফার্নেস অয়েল	৫০,০০০	৪৮,৭৬৯	
অকটেন	৫০,০০০	৫১,০৮৬	
মোট	৬,৭১,৬০০	৬,৬৬,৫৫৭	

৪। পরিশোধিত জ্বালানি তেল আমদানি কার্যক্রম সরেজমিন পরিদর্শনের লক্ষ্যে গত ৩১/০৩/২০২২ তারিখে মনিটরিং কমিটির সদস্য ও এ বিভাগের উপসচিব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন পরিশোধিত তেলের মাদার ভেসেল ও পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড (POCL)'র Main Installation (MI) পরিদর্শন করেন। তিনি পরিশোধিত জ্বালানি তেলের আলেজ নির্ণয়, তাপমাত্রা, ঘনত্ব পরিমাপ ইত্যাদি কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের অংশ হিসেবে BPC; POCL; MPL ও JOCL'র সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

৫। ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই, ২০২১ হতে মার্চ, ২০২২ সময়ের পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা অর্জনের বিবরণ নিম্নরূপ:


লক্ষ মে. টন

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	অর্জন									
		জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	সর্বমোট
১.১) পরিশোধিত পেট্রোলিয়াম পণ্য আমদানি	৪০.০০	২.৬৬	২.৮২	৩.৫৬	৫.৫৮	৪.৩৫	৩.৫৯	৩.৪০	৪.৬১	৬.৬৭	৩৭.২৪

৬। মনিটরিং কমিটির সুপারিশ:

(ক) ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জ্বালানি তেল আমদানির মাসভিত্তিক/বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের চেষ্টা অব্যাহত রাখতে হবে; এবং

(খ) BPC-কে জ্বালানি তেল স্টোরেজ ক্যাপাসিটি বৃদ্ধি করতে হবে।

  
২৩/০৪/২০২২

(এস. এম. জুবায়ের হাসান)


ম্যানেজার (এমআইএস)

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (BPC)

ও

সদস্য সচিব

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন মনিটরিং  
কমিটি

  
২৩/০৪/২০২২

(শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন)

উপসচিব (অপারেশন-১ শাখা)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

ও

সদস্য

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি  
বাস্তবায়ন মনিটরিং কমিটি

প্রশিক্ষণে বাইরে

(মোল্লা মিজানুর রহমান)


উপসচিব (প্রশাসন-৩)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

ও

সদস্য

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি  
বাস্তবায়ন মনিটরিং কমিটি

  
২৩/০৪/২০২২

ড. মোঃ রফিকুল ইসলাম

যুগ্মসচিব (পরিকল্পনা)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

ও

আহ্বায়ক

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি  
বাস্তবায়ন মনিটরিং কমিটি